
# বিমানের আধুনিক ও তরুণ হয়ে ওঠার গল্প

স্বাধীনতার পর মাত্র একটি উড়োজাহাজ নিয়ে যাত্রা শুরু করা বাংলাদেশ বিমান আজ বিমান বাংলাদেশ এয়ারলাইন্স (বিমান) নামে সুপরিচিত যার রয়েছে ২১টি উড়োজাহাজ সমন্বিত একটি বহর। বিমান বহরের আধুনিকায়নের পরিক্রমায় ২০০৮ সালে সম্পাদিত চুক্তির পরিপ্রেক্ষিতে ২০১১ সাল হতে বিমান বহরে বোয়িং কোম্পানির নতুন প্রজন্মের উড়োজাহাজ সংযুক্তিকরণের সূচনা হয়। বিমানের প্রতি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অকৃত্রিম ভালোবাসার প্রতিফলনস্বরূপ বোয়িং উড়োজাহাজ ক্রয়ের জন্য রাষ্ট্রীয় নিশ্চয়তা প্রাপ্তির মাধ্যমে বিমানের আধুনিকায়নের অগ্রযাত্রা বেগবান হয়। ২০১১ সাল হতে বিমান-এ সম্পূর্ণ নতুন নিজস্ব উড়োজাহাজ যুক্ত হতে থাকে এবং বিমানও হতে থাকে তরুণ থেকে তরুণতর। বর্তমানে ০৪টি বোয়িং ৭৭৭-৩০০ইআর, ০৬টি বোয়িং ৭৩৭-৮০০, ০৬টি বোয়িং ৭৮৭ ড্রিমলাইনার এবং ০৫টি ড্যাশ ৮-৪০০ সহ মোট ২১টি উড়োজাহাজ নিয়ে বিমানের বহর আজ এশিয়ার অন্যতম তারুণ্যদীপ্ত এক উড়োজাহাজ বহর।

গত এক দশকে আধুনিক এবং তারুণ্যদীপ্ত উড়োজাহাজ বহর প্রতিষ্ঠায় অভূতপূর্ব অগ্রগতি লাভ করেছে বিমান। আর এই পুরো সময় জুড়েই মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর বুদ্ধিদীপ্ত এবং দূরদর্শী দিক নির্দেশনার মাধ্যমে বিমানের যাত্রাকে করেছেন সহজ ও নিষ্কণ্টক। বিমানের অগ্রযাত্রা ও আধুনিকায়নে যখন যা প্রয়োজন হয়েছে তার সবটুকুই নিশ্চিত করেছেন আমাদের মাননীয় প্রধানমন্ত্রী। আধুনিকায়নের পথে বিমানের এক দশকের পরিক্রমা ছবিতে তুলে ধরা হল-

২০১০-২০২১


মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক নতুন বিমান লোগো উন্মোচন অনুষ্ঠান (০৩.০২.২০১০)


বোয়িং ৭৭৭-৩০০ "পালকি" এর বিমান বহরে যোগদান (২৩.১০.২০১১)


সুপরিসর বোয়িং ৭৭৭-৩০০ "অরুণ আলো" এর আগমন (২৪.১১.২০১১)


"পালকি" উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী (২৬.১০.২০১১)



মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক "আকাশ প্রদীপ" উদ্বোধন এবং উড়োজাহাজ পরিদর্শন (১১.০২.২০১৪)


"রাঙ্গাপ্রভাত" (বোয়িং ৭৭৭-৩০০) এর বিমান বহরে আগমন (২৩.০৩.২০১৪)


ফিতা কেটে "রাঙ্গা প্রভাত" উড়োজাহাজের উদ্বোধন করছেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা (২৭.০৩.২০১৪)


"মেঘদূত" (বোয়িং ৭৩৭-৮০০) এর ঢাকায় আগমন (২৭.১১.২০১৫)


"ময়ূরপঙ্খী"(বোয়িং ৭৩৭-৮০০) এর ঢাকায় আগমন (২৫.১২.২০১৫)


বোয়িং ৭৩৭-৮০০ "মেঘদূত" ও "ময়ূরপঙ্খী" উদ্বোধন শেষে মাননীয় প্রধানমন্ত্রীর সাথে বৈমানিকগণ (১২.০১.২০১৬)



বিমানের প্রথম ড্রিমলাইনার বোয়িং ৭৮৭-৮ "আকাশবীণা" (১৯.০৮.২০১৮)


ওয়াটার ক্যানন স্যালুট: প্রথম ড্রিমলাইনার বোয়িং ৭৮৭-৮ "আকাশবীণা" বরণ (১৯.০৮.২০১৮)


প্রথম ড্রিমলাইনার বোয়িং ৭৮৭-৮ "আকাশবীণা" উদ্বোধনকালে মাননীয় প্রধানমন্ত্রী এবং অতিথিবৃন্দ (০৫.০৯.২০১৮)



দ্বিতীয় ড্রিমলাইনার বোয়িং ৭৮৭-৮ "হংসবলাকা" এর বিমান বহরে সংযোজন (০১.১২.২০১৮)


"হংসবলাকা" (বোয়িং ৭৮৭-৮) পরিদর্শনকালে মাননীয় প্রধানমন্ত্রীর সাথে উপস্থিত অতিথিবৃন্দ (০৫.১২.২০১৮)


"হংসবলাকা" পরিদর্শনে মাননীয় প্রধানমন্ত্রী (০৫.১২.২০১৮)


বিমান বহরে ড্রিমলাইনার বোয়িং ৭৮৭-৮ "গাঙচিল" এর শুভাগমন (২৫.০৭.২০১৯)



ড্রিমলাইনার বোয়িং ৭৮৭-৮ "গাঙচিল" এর সাথে মাননীয় প্রধানমন্ত্রীসহ অতিথিবৃন্দ (২২.০৮.২০১৯)


ড্রিমলাইনার "রাজহংস" (বোয়িং ৭৮৭-৮) এর ককপিটে আলাপচারিতায় মাননীয় প্রধানমন্ত্রী (১৭.০৯.২০১৯)



ড্রিমলাইনার বোয়িং ৭৮৭-৯ "সোনারতরী" এর আলোকজ্জ্বল আগমন (২১.১২.২০১৯)



ড্রিমলাইনার বোয়িং ৭৮৭-৯ "অচিনপাখি" এর পদার্পণ (২৪.১২.২০১৯)


মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক অত্যাধুনিক বিমান বোয়িং ৭৮৭-৯ "সোনারতরী" ও "অচিনপাখি" এর উদ্বোধন (২৮.১২.২০১৯)


অভ্যন্তরীণ ভ্রমণকে স্বাচ্ছন্দ্যময় করার জন্য বিমান বহরে ড্যাশ ৮-৪০০ "ধ্রুবতারা" (২৪.১১.২০২০)



মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্স এর মাধ্যমে "ধ্রুবতারা"(ড্যাশ ৮-৪০০) উদ্বোধন করেন (২৭.১২.২০২০)



"ধ্রুবতারা" (ড্যাশ ৮-৪০০) এর উদ্বোধন অনুষ্ঠানের একাংশ (২৭.১২.২০২০)


নতুন ড্যাশ ৮-৪০০ "আকাশতরী" এর বিমান বহরে সংযোজন (২৪.০২.২০২১)


মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্স এর মাধ্যমে বিমান ড্যাশ ৮-৪০০ 'আকাশতরী' ও 'শ্বেতবলাকা' উদ্বোধন (১৪.০৩.২০২১)



চিত্র: বিমান বহর-এ নতুন উড়োজাহাজের সংযোজন এবং উড়োজাহাজ বহরের আধুনিক ও তরুণ হয়ে ওঠা

বিমান-এর আজকের এই সাফল্যের মূলে রয়েছে এর হাজারো নিবেদিতপ্রাণ কর্মীর নিরলস পরিশ্রম ও সাধনা এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষের কার্যকর নেতৃত্ব। বর্তমান বিশ্বের এই প্রতিদ্বন্দ্বিতামূলক পরিবেশের মধ্যেও বিমান পরিচালনা পর্ষদ তাঁদের মূল্যবান দিক নির্দেশনা প্রদানের মাধ্যমে বিমানকে এগিয়ে রেখেছেন। এছাড়াও বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় প্রতিনিয়ত যথাযথ নির্দেশনা প্রদানের মাধ্যমে বিমানের সাফল্যের এই ধারাকে অব্যাহত রাখতে সহায়তা করে যাচ্ছে।

আজ অত্যন্ত গর্বের সঙ্গে বলা যায়, বর্তমানে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের উড়োজাহাজ বহর বিশ্বের অন্যতম তরুণ এবং অত্যাধুনিক। শুধু বয়সের দিক থেকেই নয়, সেবা প্রদানেও তারুণ্যের দীপ্তি ছড়িয়ে যাচ্ছে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স। আর বিমান-এর এই তারুণ্যের পিছনে জ্বলজ্বল করছে বঙ্গবন্ধু-কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার অসামান্য অবদান ও অক্লান্ত পরিশ্রম। জাতির পিতার স্বপ্নে-লালিত ও নিজ হাতে গড়া এই বিমানকে সমৃদ্ধির পথে এগিয়ে নিয়ে যেতে মাননীয় প্রধানমন্ত্রীর সুদূরপ্রসারী চিন্তা ও ঐকান্তিক প্রচেষ্টা আজ বিমান-এর সাফল্যে দৃশ্যমান।